

“মুজিব বর্ষের আহবান,
সেবায় মিলবে পরিচালন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩৫.২০.

৪৬

তারিখ: ৬ অক্টোবর ১৪২৭
২১ সেপ্টেম্বর ২০২০

বিষয়: জনাব এ. বি. এম. শামীমুর রহমান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা সমাজসেবা কার্যালয়, নবাবগঞ্জ, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নং ০২/২০২০ তারিখ: ২১/০৯/২০২০)।

অভিযোগনামা

যেহেতু, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা এর নিকট হতে স্মারক নম্বর: ৪১.০১. ২৬০০.০০০.১৮.২৩৪. ১৬.৮০৭ তারিখ ১০/০৮/২০২০ যোগে প্রাপ্ত পত্রে জানা যায়, আপনি জনাব এ. বি. এম. শামীমুর রহমান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা সমাজসেবা কার্যালয়, নবাবগঞ্জ, ঢাকা এর বিরুদ্ধে পারিবারিক অভিযোগের প্রেক্ষিতে মামলা (মামলা নং ০১ তারিখ ০১/০৮/২০২০, ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী/০৩) এর ১১(গ)/৩০ ধারা মোতাবেক) দায়ের করা হয়। উক্ত মামলায় আপনি কাশিমপুর থানা পুলিশ কর্তৃক ০১/০৮/২০২০ তারিখ গ্রেফতার হয়ে কারাগারে আটক রয়েছেন;

যেহেতু, উল্লিখিত কারণে সমাজসেবা অধিদফতরের স্মারক নম্বর ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩৫.২০.২৬ তারিখ ১৫/০৮/২০২০ যোগে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কর্মকান্ড সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর আওতাভুক্ত এবং একই বিধিমালায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব এ. বি. এম. শামীমুর রহমান কে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে অগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত : অভিযোগ বিবরণী-০১ পাতা।

শেখ রফিকুল ইসলাম

মহাপরিচালক

ফোন: ৯১৩১৯৬৬

জনাব এ. বি. এম. শামীমুর রহমান

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক(সাময়িক বরখাস্ত)

উপজেলা সমাজসেবা কার্যালয়, নবাবগঞ্জ, ঢাকা।

স্থায়ী ঠিকানা: জনাব এ. বি. এম. শামীমুর রহমান, পিতা-মোঃ ছাদেক আলী, গ্রাম-তারাবাড়ীয়া, ডাকঘর-চরতাপুর, উপজেলা-পাবনা সদর, জেলা-পাবনা।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩৫.২০.

৪৬

তারিখ: ৬ অক্টোবর ১৪২৭
২১ সেপ্টেম্বর ২০২০



অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. পরিচালক(প্রশাসন ও অর্থ)/কার্যক্রম/সামাজিক নিরাপত্তা/প্রতিষ্ঠান, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ৩/২০, হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।


৪. উপপরিচালক(প্রকাশনা, গবেষণা ও মূল্যায়ন), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, আজিমপুর, ঢাকা।
৬. সহকারী পরিচালক(প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৭. উপজেলা সমাজসেবা অফিসার, নবাবগঞ্জ, ঢাকা।
৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, নবাবগঞ্জ, ঢাকা।


20/02/2020
মোঃ নূরুল হক মিয়া
উপপরিচালক(প্রশাসন ও অর্থ)


অভিযোগ বিবরণী

জনাব এ. বি. এম. শামীমুর রহমান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা সমাজসেবা কার্যালয়, নবাবগঞ্জ, ঢাকা এর বিরুদ্ধে পারিবারিক অভিযোগের প্রেক্ষিতে মামলা (মামলা নং ০১ তারিখ ০১/০৮/২০২০, ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী/০৩) এর ১১(গ)/৩০ ধারা মোতাবেক) দায়ের করা হয়। উক্ত মামলায় তিনি কাশিমপুর থানা পুলিশ কর্তৃক ০১/০৮/২০২০ তারিখ গ্রেফতার হয়ে কারাগারে আটক রয়েছেন। উল্লিখিত কারণে সমাজসেবা অধিদফতরের স্মারক নম্বর ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩৫.২০.২৬ তারিখ ১৫/০৮/২০২০ যোগে তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

তার উপরোল্লিখিত কর্মকান্ড সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর আওতাভুক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।



শেখ রফিকুল ইসলাম

মহাপরিচালক

